**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**

**[ ভ্যাট বিভাগ ]**

**আদেশ**

**সাধারণ আদেশ নং-১৫/মূসক/২০১৯** তারিখঃ ১৬ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ/৩০ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

**বিষয়ঃ এইচ.এস.কোড ২৪০২.৯০.০০ এর আওতাধীন ফিল্টারযুক্ত/ফিল্টার বিযুক্ত বিড়ি খাতে খুচরা মূল্য বৃদ্ধির সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে মূল্য ও সম্পূরক শুল্ক নির্ধারণের কারণে মাঠ পর্যায়ে গ্রহণীয় কার্যক্রম বিষয়ে দিক-নির্দেশনা।**

মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর দ্বিতীয় তফসিল অনুসারে ২৪০২.৯০.০০ এইচ.এস. কোডের অধীনে ফিল্টারযুক্ত/ফিল্টার বিযুক্ত বিড়ি খাতের মূল্যস্তর ও সম্পূরক শুল্কের হার নির্ধারণ করা হইয়াছে। নূতন মূল্যস্তর ও সম্পূরক শুল্ক নিম্নরূপঃ

| **শিরনামা সংখ্যা (Heading no.)** | **সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. code)** | **পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods)** | **সম্পূরক শুল্ক হার (%)** |
|---|---|---|---|
| ২৪.০২ | ২৪০২.৯০.০০ | (ক) বিড়ি (ফিল্টার বিযুক্ত) | |
| | | (১) ৮ শলাকার প্যাকেটের মূল্য ৪.৪৮ টাকা | ৩৫ |
| | | (২) ১২ শলাকার প্যাকেটের মূল্য ৬.৭২ টাকা | ৩৫ |
| | | (৩) ২৫ শলাকার প্যাকেটের মূল্য ১৪.০০ টাকা | ৩৫ |
| | | (খ) বিড়ি (ফিল্টার সংযুক্ত) | |
| | | (১) ১০ শলাকার প্যাকেটের মূল্য ৮.৫০ টাকা | ৪০ |
| | | (২) ২০ শলাকার প্যাকেটের মূল্য ১৭.০০ টাকা | ৪০ |

০২। নূতন মূল্যস্তরের বিপরীতে বিভিন্ন স্ট্যাম্পের ও ব্যান্ডরোলের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ তথা যথাযথ পরিমাণ মূল্য সংযোজন কর (মূসক) ও সম্পূরক শুল্ক আদায়ের লক্ষ্যে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণের জন্য জাতীয় রাজস্ব বোর্ড নির্দেশ প্রদান করিলঃ

(ক) নূতন খুচরা মূল্যস্তরের ভিত্তিতে বিড়ির সরবরাহের লক্ষ্যে সকল বিড়ির (ফিল্টার যুক্ত অথবা বিযুক্ত) উৎপাদনকারীগণকে সংশোধিত মূল্য অনুযায়ী প্রযোজ্য শুল্ক-কর পরিশোধ সাপেক্ষে পণ্য খালাস গ্রহণ করিতে হইবে। এ বিষয়ে সংশ্লিষ্ট কমিশনার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক প্রদেয় সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর আদায় নিশ্চিত করিবেন;

(খ) ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ বা তার পরে সরবরাহ করা সকল বিড়ির ক্ষেত্রেই (পূর্বে উৎপাদিত ও মজুদসহ) নূতন মূল্যস্তর অনুযায়ী শুল্ক-কর আদায় নিশ্চিত করিতে হইবে। ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের পূর্বের ট্যারিফ মূল্যের ভিত্তিতে প্রস্তুতকৃত প্যাকেটে সীল দ্বারা নূতন খুচরা মূল্য মুদ্রণ করিতে হইবে। ব্যবহারের জটিলতা পরিহার করিবার লক্ষ্যে বিড়ি উৎপাদনকারী প্রতিষ্ঠান যত শীঘ্র সম্ভব নূতন খুচরা মূল্যের প্যাকেট মুদ্রণের ব্যবস্থা গ্রহণ করিবে;

(গ) বিড়ির নূতন মূল্যস্তর ও সম্পূরক শুল্কহার কার্যকর হওয়ায় যথাযথ পরিমাণ রাজস্ব আদায়ের লক্ষ্যে প্রত্যেক মূসক কমিশনারেটের কমিশনারগণ তাহাদের স্ব-স্ব অধিক্ষেত্রভুক্ত বিড়ির উৎপাদনকারী প্রতিষ্ঠানে "বিড়ির উপর প্রদেয় কর আদায় ও বিড়ির প্যাকেটে ব্যান্ডরোল ব্যবহার পদ্ধতি বিধিমালা, ২০১৯" এর বিধি ৯ অনুযায়ী তত্ত্বাবধানাধীন সরবরাহ নিশ্চিত করিবার লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক মূল্য সংযোজন কর কর্মকর্তা পদস্থ করিবেন;

(ঘ) সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রতিটি উৎপাদনকারীর প্রত্যেকটি বিড়ির প্যাকেটের প্রকৃতি, শলাকা সংখ্যা, খুচরা মূল্য, সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর হার ইত্যাদির ভিত্তিতে শুল্ক-কর এর পরিমাণ নির্ধারণ করত: রাজস্ব আদায় কার্যক্রম সম্পাদন বা পরিশোধ কার্যক্রম তত্ত্বাবধান করিবেন; এবং

(ঙ) কমিশনারগণ আদেশের (ক) হইতে (ঘ) অনুচেছদে বর্ণিত পদ্ধতির বাস্তবায়ন নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশ জারি ও তদারকি করিবেন। বাস্তবায়নে কোনো সমস্যা থাকিলে তাহা জরুরি ভিত্তিতে বোর্ডের গোচরীভূত করিবেন। এছাড়া, নূতন মূল্যস্তর ও সম্পূরক শুল্কহার প্রবর্তনের কারণে ১২ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের বিড়ির সমাপণী মজুদ, পূর্বের স্ট্যাম্প/ব্যান্ডরোল, খালি মোড়ক এবং নূতন স্ট্যাম্প ও ব্যান্ডরোল এবং খালি মোড়কের মজুদ তথ্য ছক 'ক' এ গ্রহণ করিবেন এবং দায়িত্ব প্রাপ্ত মূসক কর্মকর্তা এবং প্রতিষ্ঠান কর্তৃপক্ষের অনুমোদিত যৌথ স্বাক্ষর সম্বলিত উক্ত ছকে মজুদ তথ্যের এক কপি সংশ্লিষ্ট মূসক কমিশনারেট সদর দপ্তরে ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে পেশ করিতে হইবে। রাজস্বের হ্রাস/বৃদ্ধি সংক্রান্ত তুলনামূলক মাসিক বিবরণী **ছক-খ** এবং **ছক-গ** এ পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করিবেন।

০৩। মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ১১৮ক এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড এই আদেশ জারি করিল এবং ইতোপূর্বে জারীকৃত সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০১৯, তারিখঃ ১৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ এতদ্‌দ্বারা রহিত করিল।

**ছক-ক**

প্রতিষ্ঠানের নামঃ ......................................

ঠিকানাঃ .................................................

মূসক নিবন্ধন নং - .....................................

মজুদ গ্রহণের তারিখ ও সময়ঃ ......................

**(ক) উৎপাদিত বিড়ির মজুদ সংক্রান্ত তথ্যঃ**

| ক্রমিক নং | বিড়ির ধরণ (ফিল্টার যুক্ত/বিযুক্ত) | প্যাকেটের ধরণ (হার্ড/সফ্ট/ শেল এন্ড স্লাইড/হেঞ্জ) | প্রতি প্যাকেটে শলাকার সংখ্যা | ব্যান্ডরোলের ডিজাইন (রং) | প্রতি প্যাকেটের মুদ্রিত খুচরা মূল্য | মজুদ পণ্যের প্যাকেটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |

**(খ) অব্যবহৃত মুদ্রিত বিড়ির প্যাকেটের মজুদ সংক্রান্ত তথ্যঃ**

| ক্রমিক নং | বিড়ির ধরণ (ফিল্টার যুক্ত/বিযুক্ত) | প্যাকেটের ধরণ (হার্ড/সফ্ট/ শেল এন্ড স্লাইড) | প্রতি প্যাকেটে শলাকার সংখ্যা | প্রতি প্যাকেটে মুদ্রিত খুচরা মূল্য | মজুদ অব্যবহৃত প্যাকেটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

**(গ) অব্যবহৃত ব্যান্ডরোলের মজুদ সংক্রান্ত তথ্যঃ**

| ক্রমিক নং | বিড়ির ধরণ (ফিল্টার যুক্ত/বিযুক্ত) | প্যাকেটের ধরণ | ব্যান্ডরোল | ব্যান্ডরোলের ডিজাইন (রং) | অব্যবহৃত/ব্যান্ডরোলের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

**(ঘ) নূতন ব্যান্ডরোলের মজুদ সংক্রান্ত তথ্যঃ (চাহিদা পত্রের ভিত্তিতে)**

| ক্রমিক নং | বিড়ির ধরণ (ফিল্টার যুক্ত/বিযুক্ত) | প্যাকেটের ধরণ (হার্ড/সফ্ট/ শেল এন্ড স্লাইড/হেঞ্জ) | ব্যান্ডরোল | ব্যান্ডরোলের ডিজাইন (রং) | মজুদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

**(ঙ) নুতন খুচরা মূল্যের ভিত্তিতে মুদ্রিত বিড়ির প্যাকেটের মজুদ সংক্রান্ত তথ্যঃ**

| ক্রমিক নং | বিড়ির ধরণ (ফিল্টার যুক্ত/বিযুক্ত) | প্যাকেটের ধরণ (হার্ড/সফ্ট/ শেল এন্ড স্লাইড/হেঞ্জ) | প্রতি প্যাকেটে শলাকার সংখ্যা | প্রতি প্যাকেট মুদ্রিত খুচরা মূল্য | মজুদ প্যাকেটের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

ছক-খ

## বিড়ির রাজস্ব আদায়ের তুলনামূলক বিবরণী (প্রতিষ্ঠানওয়ারী)

## বিড়ি উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ ..........................................।

## ..................................... মাস পর্যন্ত।

| ক্রমিক নং | বিড়ির ব্রান্ডের নাম (ফিল্টারযুক্ত /বিযুক্ত) | প্রতি প্যাকেটে শলাকা সংখ্যা | ------------ (পূর্ববর্তী) অর্থবছরের ---------------- মাস পর্যন্ত | | | | | | | | ------------ (বর্তমান) অর্থবছরের ---------------- মাস পর্যন্ত | | | | | | | | পার্থক্য ১১-১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | সম্পূরক শুল্কের হার | খুচরা মূল্য | প্রতি প্যাকেটে প্রযোজ্য সম্পূরক শুল্ক | প্রতি প্যাকেটে প্রযোজ্য মূসক | সরবরাহকৃত প্যাকেট সংখ্যা | সম্পূরক শুল্ক | মূসক | মোট | সম্পূরক শুল্কের হার | প্রতি প্যাকেটের খুচরা মূল্য | প্রতি প্যাকেটে প্রযোজ্য সম্পূরক শুল্ক | প্রতি প্যাকেটে প্রযোজ্য মূসক | সরবরাহকৃত প্যাকেট সংখ্যা | সম্পূরক শুল্ক | মূসক | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ |
| (১) | | | | | | | | | | | | | | | | | | | |
| (২) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৩) | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | |
| (৪) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৫) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৬) | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | |
| (৭) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৮) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৯) | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | | | | | | | | | | |

**ছক-গ**

## বিড়ির রাজস্ব আদায়ের তুলনামূলক বিবরণী (প্রতিষ্ঠানওয়ারী)

**বিড়ির উৎপাদনকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ ..........................................।**

**মাসের নামঃ ..................................... ।**

| ক্রমিক নং | বিড়ির ব্রান্ডের নাম (ফিল্টারযুক্ত/ বিযুক্ত) | প্রতি প্যাকেটে শলাকা সংখ্যা | ------------ (পূর্ববর্তী) অর্থবছরের ---------------- মাস | | | | | | | | ------------ (বর্তমান) অর্থবছরের ---------------- মাস | | | | | | | | পার্থক্য ১১-১৯ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | সম্পূরক শুল্কের হার | খুচরা মূল্য | প্রতি প্যাকেটে প্রযোজ্য সম্পূরক শুল্ক | প্রতি প্যাকেটে প্রযোজ্য মূসক | সরবরাহকৃত প্যাকেট সংখ্যা | সম্পূরক শুল্ক | মূসক | মোট | সম্পূরক শুল্কের হার | প্রতি প্যাকেটের খুচরা মূল্য | প্রতি প্যাকেটে প্রযোজ্য সম্পূরক শুল্ক | প্রতি প্যাকেটে প্রযোজ্য মূসক | সরবরাহকৃত প্যাকেট সংখ্যা | সম্পূরক শুল্ক | মূসক | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ | ১৭ | ১৮ | ১৯ | ২০ |
| (১) | | | | | | | | | | | | | | | | | | | |
| (২) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৩) | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | |
| (৪) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৫) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৬) | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | |
| (৭) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৮) | | | | | | | | | | | | | | | | | | | |
| (৯) | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | | | | | | | | | | |

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**( হাছান মুহম্মদ তারেক রিকাবদার )**
প্রথম সচিব (মূসক নীতি)